# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

## সিরাজগঞ্জ শাখা, ৭২০, এস.এস.রোড, ডাকঘর, থানা ও জেলা- সিরাজগঞ্জ।

### অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, সিরাজগঞ্জ শাখার ঋণগ্রহীতা **মেসার্স এম.আর. ট্রেডার্স,** মালিক জনাব মোঃ মকবুল হোসেন, পিতা-মৃত সফর আলী,মাতা-আন্নিছা বেগম, ব্যবসায়িক ঠিকানা-মের্সাস এম আর ট্রের্ডাস,এস,এস রোড, সিরাজগঞ্জ স্থায়ী ঠিকানা:বাসা/হোল্ডিং#০৫,গ্রাম-হোসেনপুর দক্ষিণ, পো: সিরাজগঞ্জ-৬৭০০. সিরাজগঞ্জ পৌর সভা, সিরাজগঞ্জ। কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.০৭.২০১৭ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা **৭৯,৯৯,২২২.৬৫**(উনআশিলক্ষ নিরানব্বই হাজার দুইশত বাইশ টাকা পয়ষট্টি পয়সা মাত্র) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

১) থানা ও জেলা-সিরাজগঞ্জ, জে.এল নং-১৮৫, মৌজা-রায়পুর, খতিয়ান নং-এস.এ. ৮৭৪, আর.এস. ৮২১, দাগ নং- এস.এ. ৩১৪৫, আর.এস. ৬৬২৭, ভূমির পরিমান- .০৭৪০ একর ভূমি ও তদুপরিস্থিত সেমিপাকা ইমারত যাহার চৌহদ্দী- উত্তরে- নজাবত আলী, দক্ষিনে- জেলহক, পূর্বে- রাস্তা, পশ্চিমে- মোস্তাফিজুর রহমান।

২) থানা ও জেলা-সিরাজগঞ্জ, জে.এল নং-১৮৮, মৌজা-গয়লা, খতিয়ান নং-এস.এ. ৬৬৯, আর.এস. ১২৪, দাগ নং- এস.এ. ১৮৯, আর.এস. ৯১৩, ভূমির পরিমান- .০৫০০ একর ভূমি যাহার চৌহদ্দী- উত্তরে- সওকত আলী, দক্ষিনে- আব্দুর রহিম, পূর্বে- জামাল হোসেন, পশ্চিমে- আব্দুল হাকিম।

৩) থানা ও জেলা-সিরাজগঞ্জ, জে.এল নং-১৭৯, মৌজা- ধানবান্ধি, খতিয়ান নং-এস.এ. ৩৬৬, আর.এস. ৩৮২, দাগ নং- এস.এ.১৪৬ ও ১৪২, আর.এস. ১০৮, ভূমির পরিমান- .০১৭৫ একর ভূমি ও তদুপরিস্থিত সেমিপাকা ইমারত যাহার চৌহদ্দী- উত্তরে- গেদা, দক্ষিনে- তারিক হোসেন, পূর্বে- শাহিন, পশ্চিমে- আমজাদ হোসেন ।

৪) থানা ও জেলা-সিরাজগঞ্জ, জে.এল নং-১৭৯, মৌজা- ধানবান্ধি, খতিয়ান নং-এস.এ. ৪১৫, আর.এস. ৬১১, দাগ নং- এস.এ. ৯৫, আর.এস. ১৪২, ভূমির পরিমান- .০৩২৭ একর ভূমি ও তদুপরিস্থিত সেমিপাকা ইমারত যাহার চৌহদ্দী- উত্তরে- জিপসী সরকার, দক্ষিনে- ইমতেয়ার শামীম, পূর্বে- আব্দুল খালেক, পশ্চিমে- আব্দুস ছামাদ।

৫) থানা ও জেলা-সিরাজগঞ্জ, জে.এল নং-১৭৯, মৌজা- ধানবান্ধি, খতিয়ান নং-সি.এস.-২৯৫, এস.এ. ৩৬৬, আর.এস. ৩৮২, দাগ নং- সি.এস.৬২, এস.এ. ১৪১, আর.এস. ১০৮, ভূমির পরিমান- .০১৭৫ একর ভূমি ও তদুপরিস্থিত ইমারত যাহার চৌহদ্দী- উত্তরে- আর.এস. দাগ নং-১১০, দক্ষিনে- আর.এস. দাগ নং-১০৬, পূর্বে- আর.এস. দাগ নং-১০৬, পশ্চিমে- আর.এস. দাগ নং-১০৪।

## নিলামের শর্তাবলী

(১) আগামী ২৭.০৮.২০১৭ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, সিরাজগঞ্জ শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, সিরাজগঞ্জ শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

(৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

(৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে ।

(৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব, স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, সিরাজগঞ্জ শাখা, সিরাজগঞ্জ।**